# আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ (২৫তম ব্যাচ) ও পাঁচটি আর্মি মেডিকেল কলেজের (৯ম ব্যাচ) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ভর্তি

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ সশস্ত্র বাহিনী কর্তৃক পরিচালিত **সরকারি চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ** (**AFMC**)-এর এএমসি ক্যাডেট (যারা বাধ্যতামূলকভাবে বাংলাদেশ সেনাবাহিনীতে যোগদান করবে) ও এএফএমসি ক্যাডেট ক্যাটাগরিতে এবং বাংলাদেশ সেনাবাহিনীর ওয়েলফেয়ার ট্রাস্ট কর্তৃক পরিচালিত **বেসরকারি ০৫ (পাঁচ)টি আর্মি মেডিকেল কলেজে** অভিন্ন প্রক্রিয়ায় ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে।

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তির জন্য বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত ভর্তি নীতিমালা-২০২৩ অনুযায়ী অনলাইনে নির্ধারিত ছকে এবং নিম্নলিখিত শর্তাধীনে এমবিবিএস কোর্সে ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের কাছ থেকে দরখাস্ত আহবান করা হচ্ছেঃ

০১. ক। এএফএমসি-এর **এএমসি ক্যাডেট ক্যাটাগরিঃ** ২০১৯/২০২০ সনে এসএসসি/সমমান পরীক্ষা এবং ২০২১/২০২২ সনে এইচএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদেরকে মোট জিপিএ ১০.০০ প্রাপ্ত হতে হবে।

খ। এএফএমসি-এর **এএফএমসি ক্যাডেট** ও পাঁচটি আর্মি মেডিকেল কলেজের ক্যাডেট ক্যাটাগরিঃ ২০১৯/২০২০ সনে এসএসসি/সমমান পরীক্ষা এবং ২০২১/২০২২ সনে এইচএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের ন্যূনতম মোট জিপিএ ৯.০০ থাকতে হবে। শুধুমাত্র **'উপজাতীয়'** প্রার্থীর ক্ষেত্রে প্রাপ্ত জিপিএ এর যোগফল ন্যূনতম ৮.০০ গ্রহণযোগ্য হবে। তবে কোন অবস্থাতেই উপজাতীয় প্রার্থীর এসএসসি/সমমান অথবা এইচএসসি/সমমান পরীক্ষায় কোন একটিতে জিপিএ ৩.৫০ এর নিচে গ্রহণযোগ্য হবে না।

**গ। শর্ত থাকে যে, এইচএসসি/সমমান পরীক্ষায় পাশের পূর্ববর্তী ০২ (দুই) বছরের মধ্যে এসএসসি/সমমান পরীক্ষায় পাশ হতে হবে।**

০২. সকলের ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপিএ ৪.০০ হতে হবে।

০৩. **শারীরিক যোগ্যতাঃ**

ক। এএফএমসি-এর এএমসি ক্যাডেট ক্যাটাগরি প্রার্থীকে অবশ্যই নিম্নলিখিত শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবেঃ

(১) **উচ্চতা (ন্যূনতম)ঃ পুরুষ** - ১.৬৩ মিঃ (৫ ফুট ৪ ইঞ্চিঃ) **মহিলা** - ১.৫৫ মিঃ (৫ ফুট ১ ইঞ্চি)

(২) **ওজন* (ন্যূনতম)ঃ পুরুষ** - ৫৪.০০ কেজি (১২০ পাউন্ড) **মহিলা** - ৪৬.০০ কেজি (১০২ পাউন্ড)

* উচ্চতা ও বয়স অনুসারে সশস্ত্র বাহিনীর জন্য নির্ধারিত স্কেলের অতিরিক্ত ওজন হলে অযোগ্য বিবেচিত হবে

(৩) **বুকের মাপ (ন্যূনতম)ঃ পুরুষ** - স্বাভাবিক - ০.৭৬ মিঃ (৩০ ইঞ্চিঃ) **মহিলা** - স্বাভাবিক - ০.৭১ মিঃ (২৮ ইঞ্চিঃ)
সম্প্রসারিত - ০.৮১ মিঃ (৩২ ইঞ্চিঃ) সম্প্রসারিত - ০.৭৬ সেঃ মিঃ (৩০ ইঞ্চিঃ)

(৪) **দৃষ্টি শক্তিঃ** প্রতিটি চোখের ক্ষীণদৃষ্টি ও দূরদৃষ্টি ২.৫ ডায়প্টার এর বেশি এবং বিষমদৃষ্টি ১.০ ডায়প্টার এর বেশি হলে গ্রহণযোগ্য হবে না। Colour Blind (বর্ণান্ধতা) গ্রহণযোগ্য হবে না।

(৫) **শ্রবণ শক্তিঃ** গ্রহণযোগ্য সীমার মধ্যে থাকতে হবে।

খ। এএফএমসি-এর এএফএমসি ক্যাডেট ক্যাটাগরি ও পাঁচটি আর্মি মেডিকেল কলেজের ক্যাডেট এর ক্ষেত্রে মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য হতে হবে।

০৪. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান এর জিপিএ এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের নিম্নলিখিত ভাবে মূল্যায়ন করা হবেঃ

| | | |
|---|---|---|
| এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ১৫ গুন | = ৭৫ নম্বর (সর্বোচ্চ) | |
| এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ২৫ গুন | = ১২৫ নম্বর (সর্বোচ্চ) | মোট নম্বর = ৩০০ |
| MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা | = ১০০ নম্বর | |

০৫. লিখিত পরীক্ষা (MCQ পদ্ধতি) = ১০০ নম্বর। বিষয়ভিত্তিক নম্বর বিভাজন: পদার্থবিজ্ঞান = ৩০, রসায়ন = ৩০, জীববিজ্ঞান = ৩০, ইংরেজি = ০৫, সাধারণ জ্ঞান (বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ) = ০৫ (সিলেবাস ঃ এইচএসসি/সমমান)।

০৬. লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে এবং লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে ৪০ এর কম নম্বর প্রাপ্ত পরীক্ষার্থী অকৃতকার্য বলে গণ্য হবে। উল্লেখ্য, শুধুমাত্র কৃতকার্য পরীক্ষার্থীদের মেধাতালিকায় অন্তর্ভূক্ত করা হবে।

০৭. পূর্ববর্তী বছরের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সর্বমোট (Aggregated) নম্বর থেকে ০৫ (পাঁচ) নম্বর কর্তন করা হবে। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে সরকারি মেডিকেল বা ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে ৮.০ (আট) নম্বর কর্তন করে মেধাক্রমে অন্তর্ভূক্ত করা হবে।

**০৮. অনলাইনে আবেদন শুরুর তারিখ: ১৩-০২-২০২৩ খ্রি:, সোমবার (সকাল ১১.০০ টা)**

**০৯. অনলাইনে আবেদনের শেষ তারিখ: ২৩-০২-২০২৩ খ্রি:, বৃহস্পতিবার (রাত ১১.৫৯ মি.)**

**১০. অনলাইনে আবেদনের ফি জমাদানের শেষ তারিখ: অনলাইনে আবেদনের সময় হতে পরবর্তী ২৪ ঘন্টা।**

**১১. প্রবেশ পত্র বিতরণ (ডাউনলোড): ০৬-০৩-২০২৩ খ্রি:, সোমবার হতে ১০-০৩-২০২৩ খ্রি:, শুক্রবার পর্যন্ত।**

**১২. ভর্তি পরীক্ষার তারিখ: ১১-০৩-২০২৩ খ্রি: (শনিবার, বিকাল ০৩.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত মোট ১ ঘন্টা)**

**১৩. টাকা জমা প্রদানের পর কোন আবেদনকারী পুনরায় আবেদন অথবা আবেদনের ক্যাটাগরি পরিবর্তন (এএমসি হতে এএফএমসি ক্যাডেট বা এএফএমসি হতে এএমসি ক্যাডেট) অথবা তথ্য পরিবর্তন বা কেন্দ্র পরিবর্তন করতে পারবেন না। তবে শুধুমাত্র User ID ও Password ব্যবহার করে কলেজ পছন্দের ক্রমধারা পরিবর্তন করা যাবে।**

১৪. অনলাইনে আবেদনপত্র/ফরম পূরণ করার সময় ভর্তি সংক্রান্ত নির্দেশাবলী (www.afmc.edu.bd) যথাযথভাবে পড়ে বুঝে নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে পূরণ করতে হবে। পরীক্ষা ফি-এর ১০০০/- (এক হাজার) টাকা শুধুমাত্র Prepaid টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে (অফেরতযোগ্য)।

১৫. ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাবলি (Prospectus, FAQ & Admission Advertisement) http://afmc.teletalk.com.bd ও অত্র কলেজের ওয়েব ঠিকানায় (www.afmc.edu.bd) পাওয়া যাবে। ভর্তি সংক্রান্ত জরুরি প্রয়োজনে afmc.amc.admission@gmail.com ঠিকানায় ই-মেইল এবং ০১৭৬৯০১৬৮০৬ ও ০১৭৬৯০১৬৮০৮ মোবাইল নম্বরে অফিস চলাকালীন (সকাল ৯.০০ টা হতে দুপুর ০২.০০ টা) যোগাযোগ করা যাবে।

১৬. বিদেশি শিক্ষায় (O-Level/A-Level) পাশ করা বাংলাদেশি নাগরিক প্রার্থীগণকে Directorate General of Medical Education, Mohakhali, Dhaka হতে নিয়মানুযায়ী Equivalence Certificate ও Code সংগ্রহ করতে হবে।

১৭. আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং চূড়ান্তকরণ স্বয়ংক্রিয় সফটওয়্যারের মাধ্যমে করা হবে।

১৮. নির্বাচিত প্রার্থীদের দেয়া তথ্য অসম্পূর্ণ অথবা ভুল প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

১৯. ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে 'ভর্তি পরীক্ষা কমিটি' এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

কমান্ড্যান্ট
আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ
ঢাকা সেনানিবাস